

## সিঙ্গাপুর এয়ারলাইন্সের টিকিটে ছাড় ঘোষণা

- A Monitor Desk Report

Date: 20 November, 2024



ঢাকাঃ ঢাকা থেকে থাইল্যান্ড, মালয়েশিয়াসহ দক্ষিণ এশিয়া ও যুক্তরাষ্ট্রের বিভিন্ন গন্তব্যে বড় ছাড়ে আগাম টিকিট বিক্রি করছে সিঙ্গাপুর এয়ারলাইন্স।

সম্প্রতি যাত্রীদের জন্য এই ছাড় দিয়েছে এয়ারলাইন্সটি। ছাড় পেতে ২০২৪ সালের ১৬ ডিসেম্বরের মধ্যে কাটতে হবে টিকিট। সেই টিকিটে ২০২৫ সালের ১৫ জানুয়ারি থেকে ৩১ অক্টোবর পর্যন্ত যেকোনো দিন টিকিট কেটে ভ্রমণ করা যাবে বলে জানায় তারা।

সিঙ্গাপুর এয়ারলাইন্স জানায়, ঢাকা থেকে বাংলাদেশের যাত্রীরা অল্প খরচে সিঙ্গাপুরে ট্রানজিট নিয়ে দক্ষিণ এশিয়ার গন্তব্যগুলোতে ঘুরতে যেতে পারবেন। যাত্রীরা ৩০ হাজার ৬১৩ টাকায় থাইল্যান্ডের ব্যাংকক, ৩০ হাজার ৬১৩ টাকায় ফুকেট, ৪৬ হাজার ৫১৩ টাকায় শ্রীলঙ্কার কলম্বো, ৩২ হাজার ৬৬৯ টাকায় মালয়েশিয়ার কুয়ালালামপুর, ৩২ হাজার টাকায় মালয়েশিয়ার পেনাং, ৪৩ হাজার ৮৪১ টাকায় ইন্দোনেশিয়ার বালি, ৪৪ হাজার ৮২৮ টাকায় ফিলিপাইনের ম্যানিলা, ৪০ হাজার ২৪৭ টাকায় সিঙ্গাপুরের রিটার্ন টিকিট কাটতে পারবেন।

টিকিট কাটার শর্ত হিসেবে সিঙ্গাপুর এয়ারলাইন্স জানায়, সিট থাকা সাপেক্ষে এই ছাড় পাওয়া যাবে। এই ভাড়ায় টিকিট কাটার পর ক্যাম্পেল করলে যাত্রী কোনো টাকা ফেরত পাবে না। তবে কেউ যদি তার গন্তব্য দেশের ভিসা না পান সেক্ষেত্রে তিনি টিকিটের পুরো টাকা ফেরত পাবেন। এছাড়াও টিকিটে কারো নামের পরিবর্তন কিংবা যাত্রার তারিখ পরিবর্তন করা যাবে না।

এই টিকিটে ভ্রমণের সময় যাত্রীরা ২৫ কেজি চেক-ইন ব্যাগেজ এবং ৭ কেজি হ্যান্ড ব্যাগেজ নিতে পারবেন। বাংলাদেশের যেকোনো ব্যাংকের আন্তর্জাতিক (ডুয়েল কারেন্সি) ডেবিট কিংবা ক্রেডিট কার্ড দিয়েই কাটা যাবে সিঙ্গাপুর এয়ারলাইন্সের টিকিট।

